

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য সেবা বিভাগ
গণঅভ্যুত্থান সংক্রান্ত বিশেষ সেল
musc.portal.gov.bd

স্মারক নম্বরঃ ৪৫.০০.০০০০.২০১.৯৯.০২.২৪-৬৬

তারিখঃ ১০ অগ্রহায়ণ ১৪৩১ বঃ
২৫ নভেম্বর ২০২৪ খ্রিঃ

(ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে আহতদের চূড়ান্ত তালিকা সংক্রান্ত গণবিজ্ঞপ্তি)

সরকার জুলাই-আগস্টের ঐতিহাসিক ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে আহতদের চূড়ান্ত তালিকা প্রণয়ন করতে 'গণঅভ্যুত্থান সংক্রান্ত বিশেষ সেল' গঠন করেছে। ইতোমধ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক সরকারি-বেসরকারি হাসপাতাল ও জেলা কমিটির মাধ্যমে প্রাপ্ত আহতদের নামের তালিকা www.hsd.gov.bd এবং www.dghs.gov.bd ওয়েব পেজ দুটিতে প্রকাশ করা হয়েছে।

গণঅভ্যুত্থানকালীন ১৫ জুলাই হতে ৫ আগস্ট ২০২৪ তারিখের মধ্যে ছাত্র-জনতার আন্দোলনে সম্পৃক্ত হয়ে যারা আহত হয়েছেন অথবা চিকিৎসাধীন আছেন কিন্তু উল্লিখিত তালিকায় নাম অন্তর্ভুক্ত হয়নি এমন ব্যক্তির নাম তালিকাভুক্তির জন্য আবেদন আহবান করা যাচ্ছে।

উল্লেখ্য, সংশ্লিষ্ট আহত ব্যক্তির জাতীয় পরিচয়পত্র বা জন্ম নিবন্ধন সনদ, স্থায়ী ও বর্তমান ঠিকানা এবং উপর্যুক্ত প্রমাণকসহ জেলা প্রশাসক অথবা বিশেষ সেল এর দলনেতা বরাবর আবেদন করতে হবে। আগামী ৩০ নভেম্বর ২০২৪ তারিখ পর্যন্ত আবেদন সরাসরি-২য় তলা, ভবন নং-২, বিএসএল অফিস কমপ্লেক্স (হোটেল ইন্টারকন্টিনেন্টাল), ১ মিন্টু রোড, ঢাকা-১০০০ ঠিকানায় পাঠানো যাবে। তবে, ই-মেইল আবেদন muspecialcell36@gmail.com ঠিকানায় পাঠাতে হবে।

(খন্দকার জহিরুল ইসলাম)

দলনেতা (অতিরিক্ত, সচিব)

গণঅভ্যুত্থান সংক্রান্ত বিশেষ সেল

টেলিফোনঃ ০২-২২৬৬৬৬৬০১

ইমেইলঃ muspecialcell36@gmail.com

জেলা প্রশাসক (সকল)

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. বিভাগীয় কমিশনার (সকল)
৩. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৪. মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রিপরিষদ সচিবের সদয় অবগতির জন্য)